



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
সোনাতলা, বগুড়া  
website:sonatola.bogra.gov.bd



স্মারক নং ০৫.৫০.১০৯৫.০০০০.০১.০১৪.২৩ - ৬৯৬(১৫)

তারিখ : ২৬ চৈত্র ১৪২৯ ব.  
০৯ এপ্রিল ২০২৩ খ্রি.

### নোটিশ


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ উপজেলার দিগদাইড় ইউনিয়নে অন্তর্গত লোহাগাড়া মেলা নিম্নে বর্ণিত তারিখ ও সময়ে প্রকাশ্য নিলাম ডাকে ইজারা দেয়া হবে। আগ্রহী নিলাম ডাককারীকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে উক্ত তারিখ ও সময়ে প্রকাশ্য নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
সোনাতলা, বগুড়া

ক্র.নং	মেলা নাম	নিলাম ডাকের তারিখ ও সময়	মেলা অনুষ্ঠানের তারিখ	মন্তব্য
০১	লোহাগাড়া মেলা	১৬/০৪/২০২৩ খ্রি. বেলা ১২.০০ টায়	২৪/০৪/২০২৩ খ্রি.	

#### শর্তসমূহ :-

- ১। ডাকে অংশ গ্রহণের জন্য ডাককারীকে জামানত হিসাবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফেরতযোগ্য জমা দিতে হবে, অন্যথায় ডাকে অংশ গ্রহণ করতে দেয়া হবে না।
- ২। যার ডাক গ্রহণ করা হবে তাঁকে ডাক টেবিলেই ডাকের সমুদয় টাকা, ১০% আয়কর ও ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে, অন্যথায় মেলায় দখল হস্তান্তর করা হবে না।
- ৩। জুয়া, হাউজী, লাকী-৭ ইত্যাদি করা যাবে না।
- ৪। যাত্রাগান এবং এরূপ কোন প্রকার শো প্রদর্শন করা যাবে না।
- ৫। এমন কোন চিত্ত বিনোদন শো যা অসামাজিক ও দৃষ্টিকটু তা নিষিদ্ধ। কোন বেআইনী কার্যকলাপ করা যাবে না।
- ৬। মেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার ব্যবস্থা ইজারা গ্রহিতাকেই করতে হবে।
- ৭। নিলামকারী কর্মকর্তা যেন কোন ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(সাদিদা পারভীন)

উপজেলা নির্বাহী অফিসার

সোনাতলা, বগুড়া

ফোনঃ ০২৫৮৯৯১০৭০১

ইমেইলঃ unosonatola@mopa.gov.bd.

#### অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :-

- ১। জেলা প্রশাসক, বগুড়া।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বগুড়া।
- ৩। সহকারী কমিশনার (ভূমি), সোনাতলা, বগুড়া।
- ৪। অফিসার ইনচার্জ, সোনাতলা, বগুড়া।
- ৫। উপজেলা ----- কর্মকর্তা, সোনাতলা, বগুড়া।
- ৬। চেয়ারম্যান, ----- ইউপি, সোনাতলা, বগুড়া। তাকে বিজ্ঞপ্তিটি মেলা এলাকায় ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৭। ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা, ----- ইউপি, সোনাতলা, বগুড়া। তাকে বিজ্ঞপ্তিটি মেলা এলাকায় ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করে সার্ভিস রিটার্ন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।